

বিআইসিএমের ৬ষ্ঠ ব্যাচের ফ্রেশার্স রিসিপিংশন অনুষ্ঠিত



বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) কর্তৃক পরিচালিত মাস্টার অব অ্যাপ্লাইড ফিন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেটের (এমএএফসিএম) ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থীদের ফ্রেশার্স রিসিপিংশন অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১২ ফেব্রুয়ারি) সন্ধ্যায় ইন্সটিটিউটের মাল্টিপারপাস হলে এ সভা অনুষ্ঠিত হয়।

বিআইসিএম কর্তৃক পরিচালিত মাস্টার অব অ্যাপ্লাইড ফিন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট (এমএএফসিএম) প্রোগ্রামটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের অধিভুক্ত। মোট ৪টি সেমিস্টারে বিভক্ত ২ বছর মেয়াদি ৫১ ক্রেডিটের বিশেষায়িত এই প্রোগ্রামে মোট ১৬টি কোর্স রয়েছে। একমাত্র বিআইসিএম পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষায়িত মাস্টার্স প্রোগ্রাম পরিচালনা করে থাকে যা পুঁজিবাজার সংশ্লিষ্ট স্টোকহোল্ডারদের জ্ঞান ও দক্ষতা উন্নয়ন এবং পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে, এবং পুঁজিবাজারে ক্যারিয়ার গড়ার জন্য বিশেষভাবে স্বীকৃত।

এমএএফসিএম প্রোগ্রামের সমন্বয়কারী সরকারি অধ্যাপক কাশফীয়া শারমিন সঞ্চালনায় বিআইসিএমের নির্বাহী প্রেসিডেন্ট ড. মোহাম্মদ তারেকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) মো. নাসির উদ্দিন আহমেদ, বিএসইসির নির্বাহী পরিচালক মো. সাইফুর রহমান, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ড. নাহিদ হোসেন ও বিএসইসির পরিচালক মো. আব্দুল কালাম, বিআইসিএমের পরিচালক (প্রশাসন ও অর্থ) নাজমুস সালেহীন, অনুযয় সদস্য ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

সংবাদ পত্রের লিংকঃ <https://orthosongbad.com/257649/>